

বহিঃবাংলাদেশ (নিশ-২) প্রোগ্রাম : বিএ এবং বিএসএস ২০২৪ ব্যাচের ভর্তি নির্দেশিকা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর এসএসএইচএল স্কুল পরিচালিত বহিঃবাংলাদেশ (নিশ-২) বিএ/বিএসএস প্রোগ্রামে ২০২৪ ব্যাচে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম শুরু হয়েছে। সৌদি আরব, কাতার, কুয়েত, ইতালি, দক্ষিণ কোরিয়া এবং সংযুক্ত আরব আমিরাতে কর্মরত/বসবাসরত বাংলাদেশি অভিবাসী কিংবা বাংলাদেশি বংশোদ্ভূত অগ্রহী ব্যক্তিদের সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ-দূতাবাসের মাধ্যমে বিএ/বিএসএস প্রোগ্রামে ভর্তি করা হবে। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও নির্দেশনা নিম্নরূপ:

ক) ভর্তির আবেদন ও ভর্তি প্রক্রিয়া সম্পন্নতার তারিখ:

১. ভর্তির আবেদন ও ভর্তি প্রক্রিয়া সম্পন্নতার তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৪ থেকে ৩০ মার্চ ২০২৪ পর্যন্ত।
২. ক্লাস শুরু: এপ্রিল, ২০২৪।

খ) প্রোগ্রামের নাম ও কোড: বহিঃবাংলাদেশ (নিশ-২) বিএ/বিএসএস প্রোগ্রাম। কোড নম্বর-৬৮;

গ) শিক্ষা প্রণালী: বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে দূরশিক্ষণ পদ্ধতিতে পরিচালিত হবে।

ঘ) ব্যাচ: ২০২৪।

ঙ) রেজিস্ট্রেশনের মেয়াদ: বহিঃবাংলাদেশ (নিশ-২) বিএ/বিএসএস প্রোগ্রামের মেয়াদ ৩ (তিন) বছর এবং ০৬ (ছয়) সেমিস্টার, প্রতি সেমিস্টারের সময়কাল ০৬ (ছয়) মাস। তবে একজন শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ ০৫ (পাঁচ) শিক্ষাবর্ষ পর্যন্ত বহাল থাকবে।

চ) ভর্তির যোগ্যতা: আবেদনকারীকে অবশ্যই এইচএসসি/আলিম/এ-লেভেল বা সরকার স্বীকৃত সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং বাংলাদেশের নাগরিক হিসেবে সৌদি আরব/কাতার/কুয়েত/সংযুক্ত আরব আমিরাত/ইতালি অথবা দক্ষিণ কোরিয়ার অভিবাসী কিংবা বাংলাদেশি বংশোদ্ভূত হতে হবে।

ছ) প্রয়োজনীয় কাগজপত্র: ভর্তির আবেদন অনলাইনে পূরণ করার সময় নিম্নের কাগজপত্র প্রস্তুত থাকতে হবে। (i) প্রার্থীর সশ্রুতি তোলা ছবির (300 x 300 Pixel) স্ক্যান কপি, (ii) স্বাক্ষরের (300 x 100 Pixel) স্ক্যান কপি, (iii) এসএসসি বা সমমানের পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের স্ক্যান কপি, (iv) এইচএসসি বা সমমানের পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের স্ক্যান কপি, (v) জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড/জন্ম নিবন্ধন সার্টিফিকেটের স্ক্যান কপি, (vi) পাসপোর্টের স্ক্যান কপি, (vii) বসবাসের অনুমতি কার্ডের স্ক্যান কপি, (viii) ভর্তি ফি জমাদান প্রমাণকের স্ক্যান কপি।

জ) আবেদনের জন্য ফরম পূরণের পূর্বে পরিলক্ষিত বিষয়: আবেদন ফরমে শিক্ষার্থীর নিজের নাম, জন্ম তারিখ এবং পিতা-মাতার নাম অবশ্যই এসএসসি/সমমানের সনদ অনুযায়ী ছবছ লিখতে হবে। শিক্ষার্থীর সনদপত্রের সাথে পাসপোর্ট/এনআইডি'তে উল্লেখিত তথ্যের (নাম, জন্ম তারিখ) গভূর্ণমিল পরিলক্ষিত হলে সনদপত্রের তথ্যকে সঠিক বলে বিবেচিত হবে। আবেদন ফরম পূরণের জন্য <https://forms.gle/i5yYws4GyotjtQaDA> ওয়েবসাইট ব্রাউজ করুন।

ঞ) ভর্তি সংক্রান্ত অন্যান্য ফি :

বর্ষ	ফি'র পরিমাণ (মার্কিন ডলার)	মন্তব্য
১ম বর্ষ	১ম সেমিস্টার ১৩৫ + ২য় সেমিস্টার ১১৫ = ২৫০ মার্কিন ডলার	১ম বর্ষে ভর্তির সময় প্রথম বর্ষের নির্ধারিত ফি, ২য় বর্ষে ভর্তির সময়
২য় বর্ষ	৩য় সেমিস্টার ১০০ + ৪র্থ সেমিস্টার ৯০ = ১৯০ মার্কিন ডলার	দ্বিতীয় বর্ষের নির্ধারিত ফি এবং ৩য় বর্ষে ভর্তির সময় তৃতীয় বর্ষের
৩য় বর্ষ	৫ম সেমিস্টার ৯৫ + ৬ষ্ঠ সেমিস্টার ১২৫ = ২২০ মার্কিন ডলার	নির্ধারিত ফি জমা প্রদান করতে হবে।

ঝ) ভর্তি প্রক্রিয়া: সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ-দূতাবাসের ওয়েবসাইট বা ফেসবুক পেইজে দেওয়া নির্দেশনা মতোবেক প্রথম সেমিস্টার এবং দ্বিতীয় সেমিস্টারের ভর্তি ফি বাবদ ২৫০ মার্কিন ডলার জমা প্রদান করে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরমটি ডাউনলোড করে প্রিন্ট কপি ও প্রয়োজনীয় কাগজপত্র এবং ভর্তি ফি জমাধানের প্রমাণক সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ-দূতাবাসে জমা প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন।

ট) ১ম এবং ২য় সেমিস্টারের পরীক্ষা একত্রে ১ম বর্ষে অনুষ্ঠিত হবে, ৩য় এবং ৪র্থ সেমিস্টারের পরীক্ষা একত্রে ২য় বর্ষে অনুষ্ঠিত হবে এবং ৫ম এবং ৬ষ্ঠ সেমিস্টারের পরীক্ষা একত্রে ৩য় বর্ষে অনুষ্ঠিত হবে।

ঠ) জ্ঞাতব্য: (i) সংশ্লিষ্ট দেশের সাপ্তাহিক ছুটির দিনে অনলাইনে টিউটোরিয়াল ক্লাস (প্রতি কোর্সে ০৮টি) এবং পরীক্ষা অনুষ্ঠিত হবে। এজন্য শিক্ষার্থীর ইন্টারনেট সংযোগসহ প্রয়োজনীয় ডিভাইস থাকতে হবে। (ii) শিক্ষার্থীরা প্রধানত ই-বুক ব্যবহার করবেন। তবে IAPW-এর সাথে যোগাযোগ সাপেক্ষে কেউ ইচ্ছা করলে ব্যক্তিগত উদ্যোগে মুদ্রিত বই (বিনামূল্যে) সংগ্রহ করতে পারবেন। (iii) ভর্তিকৃত শিক্ষার্থী বাংলাদেশে প্রত্যাবর্তন করলে অথবা অন্য দেশে অভিবাসন গ্রহণ করলে (নিশ-২) বিএ/বিএসএস প্রোগ্রামে তার শিক্ষা কার্যক্রম অব্যাহত থাকবে।

ড) ই-বুক প্রাপ্তির জন্য এই লিংকে https://www.ebookbou.edu.bd/ba_bss.php ক্লিক করতে হবে।

যোগাযোগ

বাংলাদেশ দূতাবাস
সৌদি আরব/কাতার/কুয়েত/
ইতালি/দক্ষিণ কোরিয়া/
সংযুক্ত আরব আমিরাত

ডিন, এসএসএইচএল স্কুল, বাউবি
boussh12019@bou.ac.bd

ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং, বাউবি
iapw@bou.ac.bd

“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”